

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুন ২১, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ০৭ আষাঢ় ১৪২৪ বঙ্গাব্দ/২১ জুন ২০১৭ খ্রিস্টাব্দ

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৬২.০২২.১৭.১৮৭—গত ১২ জুন ২০১৭ তারিখে চট্টগ্রাম, রাজশাহী, বান্দরবান, কক্সবাজার ও খাগড়াছড়ি জেলায় এবং ১৮ জুন ২০১৭ তারিখে মৌলভীবাজার জেলায় অতি বৃষ্টিজনিত পাহাড়ধস ও পাহাড়ি ঢলের কারণে ১৫৮ জনের প্রাণহানি ঘটেছে। এ ঘটনায় জাতি গভীরভাবে শোকাহত। এছাড়া প্রাকৃতিক এ দুর্যোগে আহত হয়েছেন ২২৭ জন।

২। এ মর্মান্তিক ঘটনায় নিহতদের জন্য গভীর শোক ও দুঃখ প্রকাশ ও তাঁদের বিদেহী আত্মার মাগফেরাত ও শান্তি কামনা করে, তাঁদের শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানিয়ে এবং আহত ব্যক্তিগণের দ্রুত আরোগ্য লাভের জন্য প্রার্থনা করে মন্ত্রিসভার ০৫ আষাঢ় ১৪২৪/১৯ জুন ২০১৭ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গ্রহণ করা হয়।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত শোকপ্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ শফিউল আলম

মন্ত্রিপরিষদ সচিব

(৬৮১৭)

মূল্য : টাকা ৪.০০

মন্ত্রিসভার শোকপ্রস্তাব

০৫ আষাঢ় ১৪২৪

ঢাকা: -----

১৯ জুন ২০১৭

গত ১২ জুন ২০১৭ তারিখে চট্টগ্রাম, রাজশাহী, বান্দরবান, কক্সবাজার ও খাগড়াছড়ি জেলায় এবং ১৮ জুন ২০১৭ তারিখে মৌলভীবাজার জেলায় অতি বৃষ্টিজনিত পাহাড়ধস ও পাহাড়ি ঢলের কারণে ১৫৮ জনের প্রাণহানি ঘটেছে। তন্মধ্যে চট্টগ্রামে ৩৬ জন, বান্দরবানে ৭ জন, রাজশাহীতে ১১০ জন, কক্সবাজারে ২ জন, খাগড়াছড়িতে ১ জন ও মৌলভীবাজারে ২ জন নিহত হয়েছেন। নিহতদের মধ্যে রয়েছেন উদ্ধারকাজে নিয়োজিত ২ সেনাকর্মকর্তাসহ ৪ জন সেনাসদস্য। এছাড়া প্রাকৃতিক এ দুর্ঘটনায় আহত হয়েছেন ২২৭ জন এবং বিধ্বস্ত হয়েছে অসংখ্য ঘরবাড়ি ও রাস্তাঘাট। এ ঘটনায় জাতি গভীরভাবে শোকাহত। দেশবাসীর সঙ্গে মন্ত্রিসভা এ মর্মান্তিক ঘটনায় নিহতদের জন্য গভীর শোক ও দুঃখ প্রকাশ করে তাঁদের বিদেহী আত্মার মাগফেরাত ও শান্তি কামনা করছে। মন্ত্রিসভা নিহত ব্যক্তিবর্গের শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানাচ্ছে এবং আহত ব্যক্তিগণের দ্রুত আরোগ্য লাভের জন্য প্রার্থনা করছে।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd